

**বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের
দাবিতে ইডেন কলেজের
শিক্ষার্থীদের বিক্ষোভ
মানববন্ধন স্মারকলিপি প্রদান**

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶

ইডেন কলেজটি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবি অঙ্গনে ধর্মবাহিত্য কর্মসূচির অংশ হিসেবে শিক্ষার্থীরা গতকাল সোমবার মানববন্ধন ও বিক্ষোভ করেছেন ও শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন।

পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে গতকাল সকালে কলেজের সামনের রাস্তা অবরোধ করে মানববন্ধন করেন শিক্ষার্থীরা। পরে একটি বিক্ষোভ মিছিল কলেজ গেট থেকে আন্নিমপুর কবরস্থান-নীলক্ষেত হয়ে কলেজ গেটে এসে শেষ হয়। এর পর দুপুর ১টার দিকে শিক্ষার্থীদের ১৬ সদস্যের একটি প্রতিনিধি দল সচিবালয়ে গিয়ে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দেয়।

স্মারকলিপিতে শ্রেণীকক্ষ, লিফট, আবাসিক গবেষণাগার, পরিকল্পিত শিল্পবাসের অভাব ও সেশন জটের বিষয় উল্লেখ করা হয়। কলেজটিকে সকেটের বেড়াগাল থেকে মুক্ত করে পতি ফিরিয়ে আনতে স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয় করা সময়ের দাবি বলে স্মারকলিপিতে উল্লেখ করা হয়।